আইজিপির ক্রসফায়ার বক্তব্য আইনের শাসনের প্রতি অবজ্ঞা: এবি পার্টি

ছবি: সংগৃহীত

সরকারের অনুমতি পেলে প্রয়োজনে ক্রসফায়ার করা হবে—আইজিপি মো. আলী হোসেন ফকিরের এমন বক্তব্যের নিন্দা জানিয়েছে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি)। দলটি বলেছে, এ ধরনের মন্তব্য আইনের শাসন, মানবাধিকার ও নাগরিকের সাংবিধানিক অধিকারের প্রতি প্রকাশ্য অবজ্ঞা।

এক যৌথ বিবৃতিতে দলের চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু ও সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ বলেন, সরকারের অনুমতি বিচারবহির্ভূত হত্যাকাণ্ডকে বৈধতা দিতে পারে না। পুলিশের দায়িত্ব অপরাধীদের আইনের আওতায় আনা, আদালতের বাইরে হত্যার হুমকি দেওয়া নয়।

নেতৃদ্বয় বলেন, অতীতে গুম, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডে পুলিশের অপব্যবহারের অভিজ্ঞতা রয়েছে দেশের মানুষের। জুলাই গণ-অভ্যুত্থানে নিরস্ত্র মানুষের ওপর গুলিবর্ষণ ও হত্যাকাণ্ডের স্মৃতির মধ্যে ক্রসফায়ার ফিরিয়ে আনার বক্তব্য উদ্বেগজনক।

তারা আরও বলেন, পুলিশ কোনো সরকারের ব্যক্তিগত বাহিনী নয়; জনগণের নিরাপত্তা নিশ্চিত করাই তাদের দায়িত্ব। অপরাধের অভিযোগ থাকলে গ্রেপ্তার, নিরপেক্ষ তদন্ত ও আদালতের মাধ্যমে বিচার নিশ্চিত করতে হবে।

বিবৃতিতে এবি পার্টির নেতারা আইজিপির বক্তব্যের ব্যাখ্যা দাবি করেন। একই সঙ্গে দেশে আর কখনো ক্রসফায়ার বা বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের সংস্কৃতি ফিরবে না—সরকারের কাছে এমন অঙ্গীকার চান তারা।